টঙ্গী মাজার বস্তি এলাকায় ভ্রাম্যমাণ আদালতে ২৩ জনকে কারাদন্ড!

নিউজবিডি৭১ডটকম
টঙ্গী: গাজীপুরের টঙ্গী মাজার বস্তি এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। এসময় মাদক বিক্রি ও সেবনের দায়ে গ্রেফতারকৃত ২৩ জনকে বিভিন্ন মেয়াদে বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছে।

রোববার, ১২ই-মে আনুমানিক সন্ধ্যা ৬টা ৩০মিনিট হতে রাত ১০টা পর্যন্ত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর এর নির্দেশে কাউছার আহাম্মেদ, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর এর নেতৃত্বে টঙ্গী মাজার বস্তি এলাকায় মাদক বিরোধী এই মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

এ অভিযান পরিচালনা কালে র্যাব-১, উত্তরা, ঢাকা ও পোড়াবাড়ী র্যাব ক্যাম্প, গাজীপুর এর সদস্যগণ ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সার্বিক সহযোগিতা প্রদান করে।

গাজীপুর জেলা প্রশাসকের এক কর্মকর্তা জানান, মাদক বিরোধী উক্ত অভিযানে মাদক বিক্রি ও সেবনের সময় ২৩ জন আসামীকে হাতেনাতে গ্রেফতার করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর ১৯(১) এর ৭(ক) এবং ২৬ ধারায় আর্থিক জরিমানাসহ বিভিন্ন মেয়াদে বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছে।

নিউজবিডি৭১/আ/ ১৩ মে, ২০১৮